৭২

দৈনিক সংবাদ

তারিখ ... 19 JUN 1997 ... ...
পৃষ্ঠা ৬ কলাম ৫ .....

# আজ ইপসার সমাবর্তন

গাজীপুর, ১৮ই জুন (নিজস্ব সংবাদদাতা)।– গাজীপুরের সালনায় অবস্থিত কৃষি শিক্ষাক্ষেত্রে সর্বোচ্চ প্রতিষ্ঠান ইনস্টিটিউট অফ পোস্ট গ্র্যাজুয়েট স্টাডিজ ইন এগ্রিকালচার (ইপসা)–এর ২য় সমাবর্তন আগামীকাল ১৯শে জুন সকাল ১০টায় ইনস্টিটিউট চত্বরে অনুষ্ঠিত হবে।

ইনস্টিটিউটের চ্যান্সেলর প্রধানমন্ত্রী শেখ হাসিনা সমাবর্তন অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন এবং তিনি এ প্রতিষ্ঠান থেকে এম, এস ও পিএইচ, ডি ডিগ্রিপ্রাপ্ত ছাত্রছাত্রীদের মূল সনদপত্র প্রদান করবেন। এবারের সমাবর্তনে সামার '৯৫ টার্ম থেকে সামার '৯৭ টার্ম পর্যন্ত বিভিন্ন বিষয়ে এম, এস ও পিএইচ, ডি ডিগ্রিপ্রাপ্ত ১০৭ জন ছাত্রছাত্রীকে সনদপত্র প্রদান করা হবে। এদের মধ্যে রয়েছেন ১০২ জন এম, এস এবং ৫ জন পিএইচ, ডি ডিগ্রিপ্রাপ্ত ছাত্রছাত্রী।